

তারিখ: ০১ জুলাই ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

গণপরিবহনে তরুণীর ধর্ষণের অভিযোগে উদ্বেগ প্রকাশ ও এ অভিযোগের সুষ্ঠু, দ্রুত ও নিরপেক্ষ তদন্তসহ দোষী ব্যক্তিদের শাস্তি এবং ভুক্তভোগী নারীর সার্বিক নিরাপত্তা নিশ্চিতের দাবী জানাচ্ছে রেইপ ল রিফর্ম কোয়ালিশন

গত ২৬ জুন ২০২৪ তারিখ সিলেট থেকে চট্টগ্রামগামী উদয়ন এক্সপ্রেস ট্রেনে খাবার সরবরাহকারী প্রতিষ্ঠান এর তিন কর্মী কর্তৃক এক তরুণীর ধর্ষণের অভিযোগে উদ্বেগ প্রকাশ করেছে রেইপ ল রিফর্ম কোয়ালিশন। পাশাপাশি এ অভিযোগের সুষ্ঠু, দ্রুত ও নিরপেক্ষ তদন্তসহ দোষী ব্যক্তিদের শাস্তি এবং ভুক্তভোগী নারীর সার্বিক নিরাপত্তা নিশ্চিতের দাবী জানাচ্ছে রেইপ ল রিফর্ম কোয়ালিশন।

বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত [সংবাদ](#) হতে জানা যায় যে, গত ২৫ জুন ২০২৪ তারিখ মঙ্গলবার রাত ১০টায় সিলেট থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে ছেড়ে আসা উদয়ন এক্সপ্রেসে ভোর সাড়ে ৪টার দিকে ট্রেনের খাবার বগিতে এ ঘটনা ঘটে। চলন্ত ট্রেনটি ওই সময় লাকসাম এলাকা পার হচ্ছিল। ভোরে এ ঘটনা ঘটলেও বিষয়টি জানাজানি হয় সন্ধ্যার পর। ইতোমধ্যে এ বিষয়ে একটি মামলা দায়ের হয়েছে। ট্রেনে খাবার সরবরাহকারী প্রতিষ্ঠানের তিন কর্মীকে গ্রেফতার করেছে রেলওয়ে পুলিশ। একই ঘটনায় ট্রেনের গার্ডকে সাময়িক বরখাস্ত করেছে রেলওয়ে কর্তৃপক্ষ।

পরিশেষে, বাংলাদেশ রেল কর্তৃপক্ষকে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টির ব্যত্যয় এর এ অভিযোগের সুষ্ঠু, দ্রুত ও নিরপেক্ষ তদন্তসহ দোষী ব্যক্তিদের শাস্তি এবং ভুক্তভোগী নারীর সার্বিক নিরাপত্তা নিশ্চিতের দাবী জানাচ্ছে রেইপ ল রিফর্ম কোয়ালিশন।

প্রয়োজনে যোগাযোগ করুন

রেইপ ল রিফর্ম কোয়ালিশন এর সচিবালয়ের পক্ষে

কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

ই-মেইল: [communication@blast.org.bd](mailto:communication@blast.org.bd)

[ধর্ষণ আইন সংস্কার জোট](#) ১৭টি সংগঠন এর সমন্বয়ে গঠিত এই কোয়ালিশন যার মধ্যে রয়েছে আইন ও সালিশ কেন্দ্র, আইসিডিডিআরবি, উইক্যান, উইমেন ফর উইমেন, একশন এইড, এসিড সার্ভাইভারস ফাউন্ডেশন, ওয়াইডাব্লিউসিএ, কেয়ার বাংলাদেশ, জাস্টিস ফর অল নাও, ডাব্লিউডিডিএফ, নারীপক্ষ, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি, ব্র্যাক, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি, বাংলাদেশ মহিলা পরিষদ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (সচিবালয়), মানুষের জন্য ফাউন্ডেশন।